ভোরের কাগজ

তারিখ ... JAN 20 2000 ...
পৃষ্ঠা ... কলাম ...

29

# শাহজালাল বিশ্ববিদ্যালয় থমথমে
# প্রাণনাশের হুমকি অব্যাহত

**সিলেট অফিস :** সিলেট শহর ও শাহজালাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের পরিস্থিতি থমথমে। মৌলবাদী সন্ত্রাসীরা ছাত্র-শিক্ষকদেরকে প্রাণনাশের হুমকি ও সন্ত্রাসী কার্যকলাপ অব্যাহত রেখেছে। গতকাল শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ জয়নাল আবেদীন, অধ্যাপক এমাজউদ্দিন চৌধুরী, ড. গৌরাঙ্গ দেবরায়, প্রকৌশলী ড. আবু ইউসুফকে টেলিফোন করে প্রাণনাশের হুমকি দিয়েছে বলে বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে।

মৌলবাদী সন্ত্রাসীরা গত মঙ্গলবার রাতে ড. গৌরাঙ্গের বাসায় গিয়ে তাকে খোঁজাখুঁজি করে। মৌলবাদীদের হামলার ভয়ে তিনি নিজের বাসায় থাকছেন না বলে সূত্র জানায়। এদিকে শা.বি. ক্যাম্পাসে পুলিশ মোতায়েন রয়েছে। উপাচার্য ও সিন্ডিকেট সদস্য ড. মুহাম্মদ জাফর ইকবালের বাসভবনের সামনেও পুলিশ প্রহরা রয়েছে। তবে গত রাত সাড়ে ১০টায় শাহ পরান হলে মৌলবাদী সন্ত্রাসীরা গুলিবর্ষণ করেছে। তবে হতাহতের কোনো খবর পাওয়া যায়নি। এ সময় হলে ৩ প্লাটুন পুলিশ অবস্থান করছিল।

এদিকে হল ও ভবনের নামকরণ স্থগিতের খবরে সিলেটে বিভিন্ন মহলের ক্ষোভ প্রকাশ অব্যাহত রয়েছে। গতকাল বিশ্ববিদ্যালয়ের ১৪জন সাধারণ ছাত্রছাত্রী সরকারের এ সিদ্ধান্তের প্রতিবাদে জাতীয় প্রেসক্লাবের সামনে শরীরে আগুন লাগিয়ে আত্মহত্যার হুমকি দিয়েছে। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ছাত্র সংগঠনের অসংখ্য নেতাকর্মী একই ধরনের সিদ্ধান্ত নিতে পারেন। বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি আজ ক্যাম্পাসে প্রতিবাদ র‌্যালি বের করার কর্মসূচি নিয়েছে। এছাড়া বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

● এরপর - পৃষ্ঠা ২ কলাম ৮

## শাহজালাল বিশ্ববিদ্যালয় থমথমে

● প্রথম পাতার পর

পর্যালোচনায় আজ বৈঠকে বসবে। বিভিন্ন সংগঠন - সরকারের অবস্থানের কারণে ক্ষোভ ও উদ্বেগ প্রকাশ করেছে।

শাহজালাল বিশ্ববিদ্যালয়ে ১০জন ছাত্র ও চারজন ছাত্রী গতকাল এক যুক্ত বিবৃতিতে সরকারের নামকরণ স্থগিতের নীতিগত সিদ্ধান্তে তীব্র ক্ষোভ ও প্রতিবাদ জানিয়ে বলেছে, এ সিদ্ধান্ত কার্যকর করতে সরকার উদ্যোগী হলে তারা জাতীয় প্রেসক্লাবের সামনে শরীরে আগুন দিয়ে আত্মাহুতি দেবে। এ পরিণতির জন্য বর্তমান ক্ষমতাসীনরা দায়ী থাকবেন বলেও তারা উল্লেখ করে।

এদিকে বিভিন্ন রাজনৈতিক দল ও সংগঠন নামকরণ স্থগিতের কারণে উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করেছে। পৃথক পৃথক বিবৃতি দিয়ে তারা বলেছে, এ ধরনের সিদ্ধান্ত কখনই মেনে নেওয়া হবে না। প্রয়োজনে তীব্র আন্দোলন গড়ে তোলা হবে। বিবৃতিদানকারী সংগঠনগুলোর মধ্যে রয়েছে জেলা জাসদ, বাসদ, সিপিবি, জাতীয় গণতান্ত্রিক ফ্রন্ট, যুব ইউনিয়ন, ছাত্র ইউনিয়ন, ছাত্র ইউনিয়ন শা.বি. শাখা, সম্মিলিত সাংস্কৃতিক জোট শা.বি. শাখা, মিলেনিয়াম জেনারেশন প্রভৃতি।